ইত্তেফাক

তারিখ ২-৭/১/৮২
পৃষ্ঠা... কলাম...

058

# গণশিক্ষা কর্মসূচী বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা

বাসস জানায়, গণশিক্ষা সংক্রান্ত জাতীয় কাউন্সিল গণশিক্ষা কর্মসূচী সফল করার কাজে 'মূল্যবান অবদান' রাখিতেছেন এমন ব্যক্তিদের পুরস্কৃত করার একটি পদ্ধতি প্রণয়নের জন্য শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশ দিয়াছে।

গতকাল (বৃহস্পতিবার) বঙ্গভবনে প্রেসিডেন্ট বিচারপতি আবদুস সাত্তারের সভাপতিত্বে কাউন্সিলের এক বৈঠকে কর্মসূচীতে স্বেচ্ছাসেবী সংগঠন, শিক্ষক এবং গণপ্রতিনিধিদের অধিকতর অংশগ্রহণের মাধ্যমে উদ্বুদ্ধকরণ আরও জোরদার করার উপর গুরুত্ব আরোপ করা হয়।

বৈঠকে গণশিক্ষা কর্মসূচী বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়। ভাইস প্রেসিডেন্ট ডঃ এম এন হুদা এবং প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান বৈঠকে উপস্থিত ছিলেন।